NYC Green Cart

Green Cart (গ্রীন কার্ট) কী?

Green Cart হচ্ছে ভ্রাম্যমান খাবারের গাড়ি যা নিউ ইয়র্ক সিটির কিছু নির্দিষ্ট এলাকায় তাজা কৃষিজাত পণ্য বিক্রি করে। Green Cart শুধুমাত্র তাজা ফল ও শাকসবজি বিক্রি করতে পারে এবং শুধুমাত্র নির্ধারিত এলাকাগুলোতে কার্যক্রম পরিচালনা করতে পারে। একটি Green Cart পরিচালনা করার জন্য আপনার প্রয়োজন হবে একটি বৈধ ভ্রাম্যমান খাবার বিক্রয়ের লাইসেন্স এবং একটি Green Cart পারমিট।

1. Green Cart কোন ধরনের কৃষি পণ্য বিক্রি করতে পারে?

Green Cart শুধুমাত্র কাঁচা ফল ও শাকসবজি বিক্রি করতে পারে যেমন আস্ত গাজর, কলা, আপেল ও বেরি। হিমায়িত বা প্রক্রিয়াজাত কৃষি পণ্য অনুমোদিত নয়। খাবারের নিরাপত্তার জন্য, Green Cart পরিচালনাকারীরা কাটা, টুকরা করা, খোসা ছাড়ানো বা প্রক্রিয়াজাত ফল বা শাকসবজি বিক্রি করতে পারবেন না।

2. কোথায় Green Cart পরিচালনা করা যাবে?

প্রতিটি Green Cart পারমিট নিউ ইয়র্ক সিটির **শুধুমাত্র** একটি বরোতে পরিচালনা করার অনুমতি প্রদান করে। প্রতিটি বরোর মধ্যে, Green Cart শুধুমাত্র নির্ধারিত এলাকাগুলোতে কার্যক্রম পরিচালনা করতে পারবে। *(মানচিত্র দেখুন)*



3. কয়টি Green Cart পারমিট দেয়া হবে?

নিউ ইয়র্ক সিটিতে 1000টি Green Cart পারমিট দেয়া হবে: এর মধ্যে ব্রুকলিনকে 350টি পারমিট, ব্রংক্সকে 350টি, ম্যানহাটানকে 150টি, কুইন্সকে 100 এবং স্ট্যাটেন আইল্যান্ডকে 50টি বরাদ্দ করা হয়েছে।

4. একটি Green Cart পরিচালনা করার জন্য আমার কী কী লাগবে?

Green Cart পরিচালনা করার জন্য আপনার একটি লাইসেন্স ও একটি পারমিট উভয়ই দরকার হবে। লাইসেন্স হচ্ছে ব্যক্তির জন্য এবং পারমিট হচ্ছে কার্টের জন্য। যে কোনো ভ্রাম্যমান খাবারের গাড়ি পরিচালনার জন্য আপনার যে ধরনের লাইসেন্স প্রয়োজন হয় এটি সেই একই লাইসেন্স। **যদি আপনার কোনো লাইসেন্স না থাকে, তাহলে পারমিটের জন্য আবেদন করার আগে আপনাকে একটি লাইসেন্স পেতে হবে।**

5. কীভাবে আমি একটি ভ্রাম্যমান খাবার বিক্রয়ের লাইসেন্স পেতে পারি?

- 311 এ কল করে "Mobile Food Vendor License Application" ("ভ্রাম্যমান খাবার বিক্রেতার লাইসেন্স পাওয়ার আবেদনপত্র")-এর কথা জিজ্ঞাসা করুন।
- প্রথমে আপনাকে অবশ্যই হেলথ ডিপার্টমেন্টে (স্বাস্থ্য বিভাগে) 2-দিনব্যাপী 'ফুড প্রোটেকশন কোর্স ফর মোবাইল ভেনডর্স' (ভ্রাম্যমান বিক্রেতাদের জন্য খাদ্য নিরাপত্তা কোর্স)-এ অংশগ্রহণ করতে হবে। কোর্সের জন্য ম্যানহাটানের সিটিওয়াইড লাইসেন্সিং সেন্টারে আপনাকে অবশ্যই নিজে গিয়ে নিবন্ধন করতে হবে, সেন্টারের ঠিকানা হচ্ছে: Citywide Licensing Center, 42 Broadway, 5th floor Manhattan। এই কোর্সের জন্য ফি হল $53.00।
- নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ ট্যাক্সেশন অ্যান্ড ফাইন্যান্স থেকে সেলস ট্যাক্স সংগ্রহ করার জন্য একটি 'সার্টিফিকেট অব অথোরিটি' সংগ্রহ করুন।
- আপনি কোর্সটি সম্পন্ন করার পর এবং ট্যাক্স সার্টিফিকেট সংগ্রহ করার পর, লাইসেন্সিং সেন্টারে নিজে গিয়ে একটি লাইসেন্সের জন্য আবেদন করতে হবে।

আমি কীভাবে Green Cart পারমিটের জন্য আবেদন করতে পারি?

আপনি একটি লাইসেন্স পাওয়ার পর, পরবর্তী পদক্ষেপ হচ্ছে Green Cart পারমিটের অপেক্ষমান তালিকায় থাকার জন্য আবেদন করা। যে সব ব্যক্তির একটি **বৈধ ভ্রাম্যমান খাবার বিক্রয়ের লাইসেন্স** আছে তাদের সবাইকে অপেক্ষমান তালিকায় থাকার জন্য আবেদন করার আমন্ত্রণ জানানো হচ্ছে *(আপনার লাইসেন্স না থাকলে 5 নম্বর প্রশ্নটি দেখুন)*। **যদি আপনার একটি বৈধ লাইসেন্স থাকে এবং ইতিমধ্যেই ভ্রাম্যমান খাবার বিক্রয়ের অপেক্ষমান তালিকায় থাকেন তাহলেও আপনি আবেদন করতে পারবেন এবং সেক্ষেত্রে আপনি অগ্রাধিকার পাবেন** *(বিস্তারিত বিবরণের জন্য 9 নম্বর প্রশ্নটি দেখুন)*।

6. Green Cart এর অপেক্ষমান তালিকায় থাকার জন্য আমি কীভাবে একটি আবেদনপত্র পেতে পারি?

Green Cart এর অপেক্ষমান তালিকায় থাকার আবেদনপত্র পাওয়ার তিনটি উপায় রয়েছে:

- সিটিওয়াইড লাইসেন্সিং সেন্টারে যান (42 Broadway, 5th floor Manhattan)
- 311-এ ফোন করুন এবং "Green Cart Waiting List Application" ("গ্রীন কার্টের অপেক্ষমান তালিকায় থাকার আবেদনপত্র")-এর কথা জিজ্ঞাসা করুন।
- nyc.gov/greencarts ওয়েবসাইটে যান এবং "Information about how to apply" ("আবেদন প্রক্রিয়া সম্পর্কিত তথ্য")-এ যান

7. অপেক্ষমান তালিকায় থাকার আবেদনপত্র জমা দেয়ার সর্বশেষ তারিখ কখন?

আপনার আবেদনপত্রে **অবশ্যই** Green Cart এর আবেদনপত্রে উল্লেখিত সর্বশেষ তারিখ বা তার আগের ডাকমোহর যুক্ত থাকতে হবে। আপনি শুধুমাত্র ডাকযোগে আবেদন করতে পারবেন।

8. আমি আমার অপেক্ষমান তালিকার আবেদনপত্র ডাকযোগে পাঠানোর পর কী ঘটবে?

অগ্রাধিকার দল (*9 নম্বর প্রশ্নটি দেখুন*) ও একটি লটারি পদ্ধতির উপর ভিত্তি করে হেলথ ডিপার্টমেন্ট (স্বাস্থ্য বিভাগ) প্রতিটি বরোর জন্য আবেদনকারীদের একটি অপেক্ষমান তালিকা তৈরি করবে। হেলথ ডিপার্টমেন্ট আপনার অপেক্ষমান তালিকার নম্বর(গুলো) সহ আপনাকে একটি পোস্টকার্ড পাঠাবে এবং আপনি যে কোনো একটি বরো অপেক্ষমান তালিকা থেকে নির্বাচিত হলে আপনাকে একটি পারমিট আবেদনপত্র পাঠাবে।

9. আমার একটি Green Cart পারমিট পাওয়ার সম্ভাবনা কতটুকু?

এটি নির্ভর করে কতজন ব্যক্তি আবেদন করবে তার উপর। অপেক্ষমান তালিকার স্থানের জন্য একটি পয়েন্ট সিস্টেমের ভিত্তিতে অগ্রাধিকার দেওয়া হয়। হেলথ ডিপার্টমেন্টের অন্য কোনো ভ্রাম্যমান খাবার বিক্রয়ের পারমিটের জন্য অপেক্ষমান তালিকায় থাকা আবেদনকারীগণ, যুক্তরাষ্ট্রের প্রতিবন্ধী ভেটেরানগণ, প্রতিবন্ধী ব্যক্তিগণ, এবং যুক্তরাষ্ট্রের অপ্রতিবন্ধী ভেটেরানদেরকে বেশি পয়েন্ট দেওয়া হয়। অগ্রাধিকারপ্রাপ্ত প্রত্যেক গ্রুপের আবেদনকারীদেরকে অপেক্ষমান তালিকায় এলোপাতাড়িভাবে একটি সংখ্যা বরাদ্দ করা হয়। আপনাকে পারমিটের আবেদন করার জন্য অবহিত করার পরে আপনি যদি আপনার অগ্রাধিকারপ্রাপ্ত গ্রুপের প্রমাণ দেখাতে ব্যর্থ হন তাহলে আপনি যতগুলো বরো বেছে নিয়েছিলেন সেই সবকটির জন্যই আপনার অপেক্ষমান তালিকায় থাকার আবেদনপত্র বাতিল করা হবে এবং আপনাকে পুনরায় আবেদন করতে হবে।

10. যদি আমি Green Cart এর অপেক্ষমান তালিকায় থাকার জন্য আবেদন করি, তাহলে কি আপনারা অন্যান্য ভ্রাম্যমান খাবার বিক্রয়ের পারমিটের অপেক্ষমান তালিকা থেকে আমার নাম অপসারণ করবেন?

না। Green Cart পারমিটের অপেক্ষমান তালিকা ভিন্ন। Green Cart পারমিটের অপেক্ষমান তালিকায় থাকার জন্য আবেদন জমা দিলে আপনার অন্য কোনো ভ্রাম্যমান খাবার বিক্রয়ের পারমিটের অপেক্ষমান তালিকার স্থিতি বা অবস্থা কোনোভাবে প্রভাবিত হবে না।

11. আমি দেখছি যে কোনো কোনো বরোতে অন্যগুলোর চেয়ে বেশি গ্রীন কার্টের পারমিট রয়েছে। যদি আমি একাধিক বরো বেছে নিই তাহলে কী আমার সুযোগ বেশি থাকবে?

পারমিটের আবেদন করার জন্য নির্বাচিত হতে আপনার সুযোগ *আরো* নির্ভর করবে সেখানে কতজন আবেদনকারী আছেন, এবং আপনার অগ্রাধিকার দল কোনটি (*9 নম্বর প্রশ্নটি দেখুন*) তার উপর। আপনি যে বরোগুলোতে Green Cart চালনা করতে আগ্রহী সেই সবগুলো তালিকাভুক্ত করুন। আপনি যদি কেবলমাত্র একটি বরোয় চালনা করতে আগ্রহী হন তাহলে আপনার একটিই তালিকাভুক্ত করা উচিত।

12. যদি ইতিমধ্যেই আমার একটি ভ্রাম্যমান খাবার বিক্রয়ের পারমিট থাকে, তাহলে আমি কী একটি Green Cart পারমিটও পেতে পারি?

আপনি একই সময়ে শুধুমাত্র একটি পারমিট পেতে পারেন। যদি আপনি আবেদন করেন এবং Green Cart পারমিটের জন্য নির্বাচিত হন এবং আপনি Green Cart পারমিট গ্রহণ করেন, তাহলে আপনাকে আপনার ইতোমধ্যে থাকা কোন ভ্রাম্যমান খাবার বিক্রয়ের পারমিটটি ছেড়ে দিতে হবে।

Green Cart–এর জন্য খরচ কেমন হবে?

13. আবেদন করার খরচ কেমন পড়বে?

- **প্রাথমিক খরচ:** একটি Green Cart পারমিটের আবেদন করার জন্য, আপনার প্রয়োজন হবে একটি বৈধ ভ্রাম্যমান খাবার বিক্রয়ের *লাইসেন্স*। যদি ইতিমধ্যে আপনার একটি লাইসেন্স না থাকে, তাহলে 'ফুড প্রোটেকশন কোর্স ফর মোবাইল ভেনডর্স'–এর জন্য আপনাকে 53 ডলার দিতে হবে এবং লাইসেন্সের জন্য দিতে হবে 50 ডলার, যা দুই বছরের জন্য কার্যকর থাকবে। যদি আপনাকে একটি *পারমিট* প্রদান করা হয়, তাহলে পারমিটের খরচ হচ্ছে 75 ডলার এবং এটি 2 বছরের জন্য কার্যকর থাকবে।
- **নবায়নের খরচ:** প্রতি 2–বছর মেয়াদের জন্য আপনার *লাইসেন্স* নবায়নের খরচ হচ্ছে 50 ডলার, এবং সেইসাথে ট্যাক্স ক্লিয়ারেন্সের জন্য ফি 10 ডলার। প্রতি 2–বছর মেয়াদের জন্য আপনার *পারমিট* নবায়নের খরচ হচ্ছে 50 ডলার।
- সকল ফি অবশ্যই চেক বা মানি অর্ডারের মাধ্যমে সিটিওয়াইড লাইসেন্সিং সেন্টারে প্রদান করতে হবে। যুক্তরাষ্ট্রের যে সব ভেটেরানদের নিউ ইয়র্ক স্টেট পেডলার্স সার্টিফিকেট আছে, তাদের বা তাদের জীবিত স্বামী/স্ত্রী অথবা পারিবারিক পার্টনার যাদের এই সার্টিফিকেট আছে তাদের লাইসেন্স ও পারমিটের ফি প্রদান করতে হবে না।

14. কার্ট বা গাড়িটির কী হবে?

আপনাকে অবশ্যই আপনার নিজস্ব কার্ট ও পণ্যসামগ্রী কিনতে হবে। আপনি **nyc.gov/greencarts** এ গাড়ি নির্মাতাদের একটি অনুমোদিত তালিকা খুঁজে পাবেন। আপনি এটি পরিচালনা করার আগে হেলথ ডিপার্টমেন্ট অবশ্যই আপনার কার্টটি পরিদর্শন ও অনুমোদন করতে হবে। আপনার কার্টটি পরিদর্শনে পাস করলে, হেলথ ডিপার্টমেন্ট আপনাকে একটি Green Cart ছাতা প্রদান করবে।

আরো তথ্যের জন্য, 311–এ ফোন করুন এবং "Green Carts"–এর কথা জিজ্ঞাসা করুন অথবা nyc.gov/greencarts ওয়েবসাইট দেখুন

অন্য যেসব ভাষায় তথ্য পাওয়া যাবে: Arabic (عربي), Bengali (বাংলা), Chinese (中文), Spanish (Español), and Urdu (اردو)